

উপজেলা পরিষদের কার্যাবলী/সিটিজেন চার্টার

- ❖ পাচ সাল মেয়াদী বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা তৈরি করা।
- ❖ পরিষদের নিকট হস্তান্তরিত বিভিন্নসরকারি দপ্তরের কর্মসূচী বাস্তবায়ন করা এবং দপ্তরসমূহের কাজ কর্ম তত্ত্বাবধান ও সমন্বয় করা।
- ❖ আন্তঃইউনিয়ন সংযোগকারী রাস্তা নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষন করা।
- ❖ জনস্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিত করা।
- ❖ স্যানিটারী ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নতিসাধন এবং সুপের পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা।
- ❖ ক) উপজেলা পর্যায়ে শিক্ষা প্রসারের জন্য উদ্বুদ্ধকরণ এবং সহায়তা প্রদান।
- ❖ খ) মাধ্যমিক শিক্ষা এবং মাদরাসা শিক্ষা কার্যক্রমের উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম তদারকি ও সহায়তা প্রদান।
- ❖ উপজেলা সামগ্রিক আইন শৃঙ্খলার বিষয় পর্যালোচনা করে প্রতিবেদন জেলার আইন-শৃঙ্খলা কমিটিসহ নিয়মিতভাবে উদ্ধর্তন কর্তৃপক্ষের নিকট প্রেরণ।
- ❖ ইউনিয়ন পরিষদের উন্নয়ন কার্যক্রমের সমন্বয় সাধন ও পরিবীক্ষণ এবং প্রয়োজনীয় সহায়ত প্রদান।
- ❖ উপজেলা পরিষদের অনুরূপ কার্যাবলীসম্পাদনরত অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে সহযোগিতা।
- ❖ বেসরকারিভাবে কৃষি, গবাদি পশু, মৎস্য এবং বনজ সম্পদ উন্নয়নে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন।
- ❖ আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচনে নিজ উদ্যোগে কর্মসূচি গ্রহণ, বাস্তবায়ন এবং এ ধরনের সরকারি ও বেসরকারি কর্মসূচি বাস্তবায়নে সরকারকে প্রয়োজনীয় সহায়ত প্রদান।
- ❖ ক্ষুদ্রশিল্প স্থাপন ও বিকাশের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।
- ❖ ই-গভর্নেন্স চালু ও উৎসাহিত করণ।
- ❖ এসিড নিষ্ক্ষেপ, নারী ও শিশু নির্যাতনসহ ইত্যাদি অপরাধ সংঘটিত হওয়ার বিরুদ্ধে জনমত সৃষ্টি এবং অন্যান্য প্রতিরোধ মূলক কার্যক্রম গ্রহণ।
- ❖ জঙ্গিবাদ, সন্ত্রাস, চুরি, ডাকাতি, চোরাচালান, মাদকদ্রব্যের ব্যবহার ইত্যাদি অপরাধ সংঘটিত হওয়ার বিরুদ্ধে জনমত সৃষ্টি এবং অন্যান্য প্রতিরোধ মূলক কার্যক্রম গ্রহণ।
- ❖ দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কাজের সমন্বয়।
- ❖ বেসরকারি মহিলা, শিশু, সমাজকল্যাণ এবং যুব, ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমে সহায়তা প্রদান।
- ❖ ভূ-উপরিস্থ পানিসম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সরকারি নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ ক্ষুদ্র সেচ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।
- ❖ সমবায় সমিতি ও বেসরকারি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের কাজে সহায়তা প্রদান ও সমন্বয় সাধন।
- ❖ পরিবেশ সংরক্ষন ও উন্নয়নের লক্ষ্যে সামাজিক বনায়নসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ।

স্থানীয় সরকার বিভাগ

উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

এ.কে.এম গোলাম মোর্শেদ খান
উপজেলা নির্বাহী অফিসার
কাপাসিয়া, গাজীপুর।

মোঃ আমানত হোসেন খান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।